

FREE FROM PARAMETERS

PROGRAM

PROGRAMMER

SYSTEM

DATE

দৈনিক বাংলা

তারিখ 18-APR 1993
 পৃষ্ঠা... ৩... কলাম... ৫...

ভাসিটিতে নিয়মিত ক্লাস করার ব্যাপারে কড়াকড়ি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়মিত ক্লাসে উপস্থিতির ব্যাপারে কড়াকড়ি আরোপ করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল বলেছে, এ ক্ষেত্রে কোনরূপ শৈথিল্য আর গ্রহণযোগ্য হবে না। গতকাল অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় এই অভিমত ব্যক্ত করা হয়। ভাইস-চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন আহমদ সভায় সভাপতিত্ব করেন। সভায় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়ন এবং শিক্ষকদের সুযোগ-সুবিধা বৃদ্ধি নিয়েও বিস্তারিত আলোচনা হয়।
 আটের পাতায় ৬-এর কঃ দঃ)

ভাসিটিতে নিয়মিত
 (প্রথম পাতার পর)

সভায় বিশ্ববিদ্যালয়ের পাঠক্রম সমন্বয়-পযোগী করার লক্ষ্যে ৩ বছর পর-পর এর পর্যালোচনা ও পরিবর্তন, নির্দিষ্ট সময়ে পাঠক্রম সম্পন্ন করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ, পরীক্ষা শেষ হওয়ার ২ সপ্তাহের মধ্যে পরবর্তী বর্ষের ক্লাস শুরু করা, মাস্টার্স, ডিপ্লোমারী ও ফাইনাল পরীক্ষা গ্রহণের দায়িত্ব বিভাগের উপর ন্যস্ত করা এবং এ লক্ষ্যে ৫টি অনুবর্ষে ৫ জন সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক পর্যায়ের কর্মকর্তা নিয়োগ করার সুপারিশ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। একাডেমিক পরিষদের পরবর্তী সভায় এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে বলে জানানো হয় এবং সভা মূলত বন্ধ করা হয়।
 সংবাদ-বিজ্ঞপ্তি।